রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
সেন্ট্রাল ওয়ার্কশপ সেকশন

...

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. খালেদা বেগম<br>মহাব্যবস্থাপক (অপারেশন) |
| সভার তারিখ | ০৩/০৪/২০২৩ খ্রি: |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | মহাব্যবস্থাপক (অপারেশন) আরপিজিসিএল এর দাপ্তরিক কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

**কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্তে গঠিত টিমের ২০২২-২০২৩ বছরের ৫ম সভার কার্যবিবরণী।**

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে দ্রষ্টব্য।

**২.০ আলোচনাঃ**

২.১ সভার শুরুতে ২০২২-২০২৩ বছরের ৩য় ও ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়।

**ক)** সেবাসহজিকরণ/ডিজিটালাইজেশন প্রস্তাব প্রেরণের আহ্বানের বিপরীতে অর্থ বিভাগ কর্তৃক সহজিকৃত "কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতার তথ্যাদি প্রেরণ/প্রাপ্তি সহজিকরণ" শিরোনামের একটি প্রস্তাব ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন টিম কর্তৃক ২০২২-২৩ বছরের একটি উদ্ভাবনী ধারণা/সেবাসহজিকরণ/ডিজিটালাইজেশন কার্যক্রম বাস্তবায়িত মর্মে গৃহিত হয়েছে। এতদ বিষয়ে ১৪-০২-২০২৩ খ্রি: তারিখ হতে বাস্তবায়ন দেখিয়ে ০৯-০৩-২০২৩ খ্রি: তারিখ একটি অফিস আদেশ জারী হয়েছে। ১৬-০৩-২০২৩ খ্রি: তারিখ বিষয়টি পেট্রোবাংলার ইনোভেশন টিমকে জানানো হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক সহজিকৃত সেবা ব্যবহার করে কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের সেবা প্রদান করা হচ্ছে।

**খ)** ৩য় সভার সিদ্ধান্তের আলোকে www.ratioenothi.cngrpgcl.com ওয়েব পোর্টালে সময় মত ই-নথি ও হার্ডনথির হিসাব আপলোডকরণের হার অনেকখানি বৃদ্ধি পেয়েছে। তবে অল্প কয়েকটি দপ্তরের তথ্য সময়মত আপলোড হচ্ছে না। উক্ত কার্যক্রমে সহায়তা প্রদানে প্রতিটি দপ্তরকে পূর্ববত অনুরোধ জানানো যেতে পারে।

**গ)** সভায় জানানো হয় পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ হতে ৩য় কোয়ার্টারে ওয়েব সাইট হালনাগাদকরণ তথ্য প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রশাসন বিভাগ কর্তৃক "দাপ্তরিককাজে ডি-নথির ব্যবহার" বিষয়ে একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত হয়েছে। ইনোভেশন টিম কর্তৃক প্রস্তাবিত প্রশিক্ষণ/কর্মশালাটি সময় মতো আয়োজিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভায় আরো আলোচনা হয় যে, ইনোভেশন টিম কর্তৃক ডিজাইনকৃত "জাতীয় ও আরপিজিসিএল এর তথ্যবাতায়ন" শীর্ষক অবশিষ্ট প্রশিক্ষণ/কর্মশালাটি ৪র্থ কোয়ার্টারে আয়োজনের লক্ষ্যে প্রশাসন বিভাগকে অনুরোধ জানানো যেতে পারে।

**ঘ)** সভায় অবহিত করা হয় যে, ৩য় সভার সিদ্ধান্তের আলোকে ইনোভেশন টিম কর্তৃক ২০২২-২০২৩ বছরের ২য় কোয়ার্টারের পর্যালোচিত প্রতিবেদনটি ০৫-১০-২০২৩ তারিখ ও স্ব-মূল্যায়িত অর্ধবার্ষিক প্রতিবেদনটি ১০-০১-২০২৩ খ্রি: তারিখ পেট্রোবাংলার ইনোভেশন টিম ও কোম্পানির এপিএ টিম বরাবর প্রেরণ করা হয়েছে।

**ঙ)** ৪র্থ সভায় প্রস্তুতকৃত ২০২১-২২ পর্যন্ত কোম্পানির ০৬টি সজজিকৃত/ডিজিটালাইজড সেবার টিসিভি ও সুবিধাভোগীর সংখ্যা নির্ধারণ করা হয়। কিন্তু প্রস্তুতকৃত তালিকাটি এখনও এটুআই বরাবর প্রেরণ করা হয়নি। সভায় আলোচনা হয় যে, প্রস্তুতকৃত তালিকাটি এটুআই বরাবর অতিদ্রুত প্রেরণ করা যেতে পারে।

**চ)** ৪র্থ সভার সিদ্ধান্তের আলোকে কোম্পানির ইনোভেশন টিমের পক্ষ হতে অন্য কোন কোম্পানির বাস্তবায়িত অথবা পাইলটিং কার্যক্রম চলমান একটি উদ্ভাবনী উদ্যোগ নানা প্রতিকূলতার কারণে এখনও পরিদর্শন করা সম্ভব হয়নি। সভায় জানানো হয় যে, জিটিসিএল এর ইনোভেটিভ আইডিয়া সমূহ পরিদর্শনের লক্ষ্যে তাদের সাথে আলোচনা হচ্ছে। আশা করা যায় অতি দ্রুত জিটিসিএল এর ইনোভেটিভ আইডিয়া/আইডিয়া সমূহ অথবা অন্যকোন কোম্পানির ইনোভেটিভ আইডিয়া পরিদর্শন করে পেট্রোবাংলার ইনোভেশন টিম বরাবর প্রতিবেদন প্রেরণ করা যাবে।

২.২ সভায় ২০২২-২০২৩ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার পর্যান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচিত প্রতিবেদন অনুযায়ী ৩য় কোয়ার্টারে মোট অর্জিত সূচক ২১.৭৫ (৩য় কোয়ার্টারের প্রতিবেদন সংযুক্ত)। এই অর্জিত সূচকসহ ০৩ (তিন) কোয়ার্টারে মোট অর্জিত সূচক ৪২.২৫ যা মোট সূচকের ৮৪.৫০ %। এই অর্জন নিয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। ২০২২-২০২৩ বছরের কার্যক্রম খাত ভিত্তিক অর্জন ও বকেয় অর্জন নিয়ে আলোচনা করা হয়। অর্জন ও বকয়ো অর্জনের নিম্নরূপ:

| ক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | ৩য় কোয়ার্টার পর্যন্ত | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অর্জন | | অবশিষ্ট | |
| | | | | মান | হার (%) | মান | হার (%) |
| ০১ | [১.১.১] একটি উদ্ভাবনী ধারণা/ সেবাসহজিকরণ/ ডিজিটালাইজেশন বাস্তবায়িত | তারিখ | ১০ | ১০ | ১০০ | ০ | ০ |
| ০২ | [২.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | % | ১০ | ৭.৫ | ৭৫ | ২.৫ | ২৫ |
| ০৩ | [৩.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | সংখ্যা | ১৫ | ১১.২৫ | ৭৫ | ৩.৭৫ | ২৫ |
| ০৪ | [৪.১.১] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিত করণসভা/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৫ | ৫ | ১০০ | ০ | ০ |
| ০৫ | [৫.১.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত। | সংখ্যা | ৬ | ৪.৫ | ৭৫ | ১.৫ | ২৫ |
| | [৫.১.২] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধবতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত। | তারিখ | ৪ | ৪ | ১০০ | ০ | ০ |

২.৩ সভায় আলোচনা করা হয় যে, অবশিষ্ট কার্যক্রমগুলোর মধ্যে প্রশিক্ষণ আয়োজন ব্যতীত অন্যান্য কার্যক্রমগুলো নিয়মিত কার্যক্রম। কাজেই অবশিষ্ট প্রশিক্ষণটি ৪র্থ কোয়ার্টারের ১ম দিকেই আয়োজনের লক্ষ্যে প্রশাসন বিভাগকে অনুরোধ করা যেতে পারে।

### ৩.০ সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত ও ৪র্থ কোয়ার্টারের পরিকল্পনা গ্রহণ করা হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | "কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতার তথ্যাদি প্রেরণ/প্রাপ্তি সহজিকরণ" শিরোনামে সহজিকৃত সেবা ব্যবহারের মাধ্যমে সেবা প্রদান অব্যাহত রাখা যেতে পারে। সহজিকৃত পদ্ধতিতে সেবা প্রদান ব্যহত হলে ইনোভেশন টিমকে অবহিত করবে। | অর্থ বিভাগ। |
| ৩.২ | ২০২২-২০২৩ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ই-নথির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রমটি পরিপূর্ণ বাস্তবায়নের লক্ষ্যে ৪র্থ কোয়ার্টারের মাস সমূহের নথির হিসাব www.ratioenothi.cngrpgcl.com ওয়েবপোর্টালে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে আপলোড করতে হবে। | প্রতিটি শাখা, উপ-বিভাগীয় দপ্তর, বিভাগীয় দপ্তর ও ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর। |

| | | |
|---|---|---|
| ৩.৩ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনকর্ম পরিকল্পনাবাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর আলোকে কোম্পানির **ওয়েবসাইট হালনাগাদ** করতে হবে এবং ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন ও বার্ষিক মূল্যায়নের লক্ষ্যে প্রমাণকসহ তথ্যবাতায়ন হালনাগাদকরণ প্রতিবেদন ইনোভেশন অফিসার বরাবর ০২/০৭/২০২৩ খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ। |
| ৩.৪ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ এর প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে **'জাতীয় ও আরপিজিসিএল এর তথ্যবাতায়ন'** শীর্ষক প্রশিক্ষণ/কর্মশালাটি ৪র্থ কোয়ার্টারে আয়োজন করতে হবে এবং আয়োজনের প্রমাণকসহ প্রতিবেদন ইনোভেশন অফিসার বরাবর ০২/০৭/২০২৩ খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | প্রশাসন বিভাগ। |
| ৩.৫ | ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনান্তে প্রণিত ২০২২-২৩ বছরের ৩য় কোয়ার্টারের প্রতিবেদনটি পেট্রোবাংলার ইনোভেশন টিম ও কোম্পানির এপিএ টিম বরাবর প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম। |
| ৩.৬ | ইনোভেশন টিম কর্তৃক এটুআই প্রদত্ত ফরমেটে প্রস্তুতকৃত ২০২১-২২ পর্যন্ত কোম্পানির ০৬টি সজজিকৃত/ডিজিটালাইজড সেবার টিসিভি ও সুবিধাভোগীর সংখ্যা এটুআই বরাবর অতিদ্রুত প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম। |
| ৩.৭ | কোম্পানির ইনোভেশন টিম অতিদ্রুত জিটিসিএল অথবা অন্যান্য কোম্পানির সাথে যোগাযোগ করে বাস্তবায়িত অথবা পাইলটিং কার্যক্রম চলমান এরূপ একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করবে এবং পেট্রোবাংলার ইনোভেশন টিম বরাবর প্রতিবেদন প্রেরণ করবে। | ইনোভেশন টিম। |

**৪.০** আর কোন আলোচনার বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন)

স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.৬০৩.৯৯.০০৪.১৮.৭৪

তারিখ: ১০ বৈশাখ ১৪৩০
২৩ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল।
২) মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল, ঢাকা।
৩) ই-গভর্ন্যান্স/ইনোভেশন টিম-আরপিজিসিএল।
৪) উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল।
৫) ব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল।
৬) স্থাপনা প্রধান/ইনচার্জ, আরপিজিসিএল
৭) উপব্যবস্থাপক, (আইসিটি) [ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ]।

প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন) (অতিরিক্ত দায়িত্ব)